



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৭০

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯

৩১ আগস্ট ২০২২

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজের তালিকা অনুযায়ী খাদ্যশস্য বিতরণ।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের ২৭/০৮/২০২২ তারিখের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৪৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে 'ইউনিয়ন ডিজিটাল সেন্টারের' উদ্যোক্তাদের সহায়তায় ভোক্তার তথ্য জাতীয় পরিচয়পত্রের সাথে যাচাইকরণের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের পূর্ণাঙ্গ শুদ্ধ ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। খাদ্য মন্ত্রণালয়ের সূত্রস্থ স্মারকের পত্র খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজের যাচাইকৃত তালিকা অনুযায়ী খাদ্যশস্য বিতরণের অনুমোদন প্রদান করা হয়েছে। আগামী সেপ্টেম্বর/২২ মাস হতে শুরু হতে যাওয়া খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হচ্ছেঃ

(১) এপ্রিল/২২ মাসে চলমান খাদ্যবান্ধব কর্মসূচির সর্বশেষ তালিকা হতে কেবল যাচাইকৃত ভোক্তারাই খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন। ডিজিটাল ডাটাবেজে আপলোডকৃত যেসকল ভোক্তার তথ্য এখনো যাচাই করা হয়নি, তারা যাচাই সাপেক্ষে খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন;

(২) খাদ্যশস্য উত্তোলনের জন্য যাচাইকৃত ভোক্তাগণ পুরাতন কার্ড ও যাচাই শেষে ইউডিসি হতে প্রদত্ত স্লিপ (নসুমা সংযুক্ত) নিয়ে বিক্রয়কেন্দ্র হতে খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন;

(৩) সেপ্টেম্বর/২২ মাসব্যাপী যাচাই কার্যক্রম চলমান থাকবে। এ মাসের মধ্যে যাচাই সম্পন্ন করা ভোক্তারা যাচাইয়ের পর সেপ্টেম্বর/২২ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন। বেক্সিমকো কম্পিউটারস লি, এ নিমিত্ত ডাটাবেজের সফটওয়্যার সেপ্টেম্বর/২২ মাসব্যাপী যাচাইকরণের জন্য প্রস্তুত রাখবে;

(৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ ডিজিটাল ডাটাবেজ হতে যাচাইকৃত ভোক্তার তালিকা প্রিন্ট করে সংরক্ষণ করবেন ও যাচাইকৃত ভোক্তা তালিকা ডিলারগণকে প্রদান করবেন। ডিলারগণ তালিকা মোতাবেক যাচাইকৃত ভোক্তাগণের মধ্যে খাদ্যশস্য বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

(৫) কোন উপজেলায় ডিলার কর্তৃক উত্তোলিত খাদ্যশস্য বিতরণের পর অবশিষ্ট থাকলে তা পরবর্তী মাসের সাথে সমন্বয় করতে হবে;

(৬) সারাদেশে ভোক্তার তথ্য যাচাই কার্যক্রম শেষে বাতিলকৃত ভোক্তাদের পরিবর্তে নতুন ভোক্তাকে তালিকাভুক্ত করার বিষয়ে যথাসময়ে সংশ্লিষ্টদেরকে অবহিত করা হবে।

এমতাবস্থায়, সেপ্টেম্বর/২২ মাস হতে শুরু হতে যাওয়া খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশাবলি যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১-৮-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৭০/১(৪৬)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯

৩১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৫) জনাব মাহমুদুর রহমান পলাশ, অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, বেক্সিমকো কম্পিউটারস লিঃ
- ৬) জনাব শরীফ মোহাম্মদ শাহীন, ডেপুটি জেনারেল ম্যানেজার, বেক্সিমকো কম্পিউটারস লিঃ

৩১-৮-২০২২

রিয়াজ মাহমুদ

উপপরিচালক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।

<http://food.chittagongdiv.gov.bd>

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫১.০০৭.২১.৩২৮৪

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯

০৪ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৫-৯-২০২২

দোলন দেব
সহকারী উপ-পরিচালক

জেলা খাদ্য নিয়ন্ত্রক,

চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবন/চাঁদপুর/লক্ষ্মীপুর/কক্সবাজার/ফেনী/নোয়াখালী।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫১.০০৭.২১.৩২৮৪/১

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতির জন্য।

১) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।



৫-৯-২০২২

দোলন দেব

সহকারী উপ-পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা।

www.dgfood.gov.bd




স্মারক নং- ১৩.০১.১৯০০.০০৩.৫৮.০০১.২২. ২২২৬

তারিখঃ ০৫/০৯/২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, কুমিল্লা।
৩. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. উপজেলা নির্বাহী অফিসার,(সকল)..... উপজেলা, কুমিল্লা।
৫. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,(সকল).....কুমিল্লা। উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা,(সকল)....., এলএসডি, কুমিল্লা।
৭. চেয়ারম্যান,(সকল).....,ইউনিয়ন পরিষদ,.....উপজেলা, কুমিল্লা।
৮. ইউনিয়ন পরিষদ সচিব,(সকল).....,ইউনিয়ন পরিষদ,.....উপজেলা, কুমিল্লা।
৯. ইউনিয়ন পরিষদ উদ্যোক্তা,(সকল).....,ইউনিয়ন পরিষদ,.....উপজেলা, কুমিল্লা।
১০. মেসার্স....., খাদ্য বাস্কব ডিলার।
১১. অফিসকপি।


জেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা

